"স্থানীয় জনগণের অংশগ্রহনে ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমেই ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা সম্ভব"

Social Engagement for Budgetary Accountability (SEBA)

প্রকল্প মেয়াদকাল :

ডিসেম্বর ২০১৪ - মার্চ ২০১৭

কর্ম এলাকা ঃ উপজেলা ঃ গাবতলী, জেলা ঃ বগুড়া।

মোট ইউনিয়নঃ ৯ টি

- সোনারায়
- নেপালতলি
- মহিষাবান
- রামেশ্বরপুর
- দূর্গাহাটা
- নশিপুর
- নাড়ুয়ামালা
- গাবতলী সদর
- বালিয়াদিঘী

বাস্তবায়নে ঃ

গ্রামীণ আলো

সহযোগিতায় ঃ

মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)

মানুষের জন্য
manusher jonno
promoting human rights and good governance

GLOBAL PARTNERSHIP FOR SOCIAL ACCOUNTABILITY

গ্রামীণ আলো, বগুড়া স্থানীয় পর্যায়ের নারীদের দ্বারা গঠিত একটি সংগঠন হিসাবে ২০০২ সালে আত্ন প্রকাশ করে। প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার সংরক্ষণ এবং তাঁদের মর্যাদাবান ও উৎপাদনশীল নাগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে একটি অলাভ-জনক, অরাজনৈতিক স্বেচ্ছা সেবামূলক সংস্থা হিসাবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা, জনঅংশদারিত্ব বিশেষ করে নারীদের অংশগ্রহন নিশ্চিত করার জন্য গ্রামীণ আলো গাবতলী উপজেলার ৯টি ইউনিয়নে সেবা প্রকল্পের কার্যক্রম শুরু করেছে। এই প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পরিষদের কাজের সাথে সম্পৃক্ত থেকে ইউপি'র কার্যক্রমকে আরো ত্বরান্বিত করা যাতে ইউপি'র কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও নারীর অংশগ্রহণ বৃদ্ধি পায় পাশাপাশি ইউনিয়ন পরিষদের প্রাতিষ্ঠানিক দক্ষতা, কার্যক্রমে গতিশীলতা ও একাগ্রতার সাথে তাদের কর্মকান্ড চালিয়ে যেতে পারে ফলে কার্যক্রমের গুনগতমান বৃদ্ধি পাবে।

প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

ইউনিয়ন পরিষদের বাস্তবায়নকৃত স্কীমসমূহ (বিশেষ করে থোক বরাদ্দ) আরো কার্যকরী হবে (গুণগতমান, সময়সীমা এবং সামাজিক কাঠামোর ভিত্তিতে) এবং জনগণের চাহিদা মিটাবে যা স্থানীয় জনগোষ্ঠির সন্তুষ্টি এবং উপকারিতা বৃদ্ধি পাবে। সহজ কথায় বলা যায়, জনগণের সম্পৃক্ততার মাধ্যমে ইউনিয়ন পরিষদের বাজেটে স্বচ্ছতা ও জবাবদিহিতার উন্নয়ন ঘটবে।

সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহঃ

- ইউনিয়ন পরিষদের তথ্য অধিকার আইন ২০০৯ এবং ইউপি ব্যবস্থাপনা আইন ২০০৯ অনুযায়ী তথ্যপ্রবাহ ও বাজেটে স্বচ্ছতা বাড়বে।
- ইউনিয়ন পরিষদের প্রতিনিধিগণ পরিষদের পরিকল্পনা ও বাজেট তৈরী এবং বাজেট বাস্তবায়নে জনগণের প্রতি আরো জবাবদিহি হবে।
- ইউনিয়ন পরিষদের আরো অংশগ্রহণমূলক পরিকল্পনা ও বাজেট তৈরীতে কমিউনিটির প্রতিনিধিগণের বিশেষ করে নারী, পুরুষ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অধিকতর অংশগ্রহণ বাড়বে।

প্রত্যাশিত ফলাফল ঃ

- ইউনিয়ন পরিষদ স্ব-প্রনোদিত হয়ে তথ্য প্রকাশ;
- ইউনিয়ন পরিষদকে জবাবদিহিপূর্ন করার জন্য কমিউনিটির জনগনের অধিকতর সামর্থ বৃদ্ধি;
- ওয়ার্ড সভা, পরিকল্পনা প্রনয়ন সভা ও উন্মুক্ত বাজেট সভায় জনগনের সক্রিয় অংশগ্রহণ বৃদ্ধি;
- নীতিনির্ধারকদের জন্য প্রয়োজনীয় এবং সংগ্রতিপূর্ণ নীতিনির্ধারনী সুপারিশ প্রকল্প কর্তৃক প্রনয়ন করা;
- জ্ঞান ও শিক্ষণগুলি ব্যাপক প্রচার;

কার্যক্রম সমূহ:

১) ইউনিয়ন পরিষদের সামাজিক দায়বদ্ধতাকে আরো উন্নত করার জন্য জনগণকে সম্পৃক্ত করা।
২) সাংগঠনিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিকরণ।
৩) পলিসি এ্যাডভোকেসী
৪) শিক্ষণ ও জ্ঞানবিকাশ

ষ্টেকহোল্ডার:

স্থানীয় জনগণ, ইউনিয়ন, উপজেলা এবং জেলা পর্যায়ের সরকারী কর্মকর্তা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, (এলজিএসপি-২), সিভিল সোসাইটি এনজিও মিডিয়া ইত্যাদি।

প্রকল্প বাস্তবায়ন কৌশল ঃ

- স্থানীয় সরকার বিশেষত ইউনিয়ন পরিষদের সেবা ও কার্যক্রম সম্পর্কে জনসচেতনতা বাড়ানো।
- স্থানীয় উন্নয়ন ও সেবার মান উন্নয়নে জনগণের চাহিদা, মতামত ও সহযোগিত প্রদানের সুযোগ বাড়ানো।
- স্থানীয় সরকার আইন এবং বিধিমালার সাথে সামঞ্জস্যমূলক কার্যক্রম পরিচালনা।
- স্থানীয়পর্যায়ের সদস্য ও সম্পূরক সংস্থাসমূহের সাথে কর্ম-সম্পর্ক জোরদার করা।
- স্বচ্ছতা ও জবাবদিহিতা উন্নয়নে স্থানীয় পর্যায়ে মানবসম্পদ ও সংগঠন উন্নয়ন।
- স্থানীয় উন্নয়ন ও জনকল্যাণে স্থানীয় সম্পদের সমাবেশীকরণে সহযোগিতা।
- অংশগ্রহণমূলক প্রক্রিয়া/পদ্ধতি অনুসরণ করে কার্যক্রম পরিচালনা।
- কার্যকর উন্নয়ন ও সেবা প্রদানে সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানে যৌথভাবে কাজ করা।
- ইউনিয়ন পরিষদ শক্তিশালীকরণে জনগণের গঠনমূলক সম্পৃক্ততা উৎসাহিতকরণ। ইউনিয়ন পরিষদকে অংশগ্রহণমূলক পরিকল্পনা এবং বাজেট তৈরিতে সহযোগিতা করা।
- উপজেলা এবং জেলা পর্যায়ে এ্যাডভোকেসী সভা আয়োজন।
- ভাল চর্চাসমূহ লিপিবদ্ধকরণ এবং প্রচার।

কার্যক্রম বাস্তবায়নে ব্যবহৃত টুলস ঃ

ইউনিয়ন পরিষদকে আরও জনমূখী এবং অংশীদারিত্ব বৃদ্ধির জন্য সামাজিক জবাবদিহিতার যে টুলস ব্যবহার করা হয় তা হলো-

- কমিউনিটি স্কোর কার্ড
- পাবলিক হেয়ারিং
- সোস্যাল অডিট
- সোস্যাল ম্যাপ

এ পর্যন্ত কার্যক্রম বাস্তবায়ন ঃ

প্রকল্প অবহিতকরণঃ

প্রকল্প সম্পর্কে বিভিন্ন ধরনের স্টেকহোল্ডারদের অবহিতকরণ এবং বাস্তবায়নে সহযোগিতামূলক সম্পর্ক তৈরির জন্য জেলা পর্যায়ে এবং উনিয়ন পর্যায়ে প্রকল্প পরিচিতি সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রকল্পের সকল স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন।

কমিউনিটি সাপোর্ট গ্রুপ (সিএসজি) গঠন ও দক্ষতা উন্নয়নঃ

স্থানীয় জনগণের মধ্য থেকে আগ্রহী, কর্মোদ্যোগী, স্বেচ্ছাসেবী মানসিকতাসম্পন্ন এবং নিজেদের অধিকার আদায়ে সচেষ্ট ব্যক্তিবর্গ নিয়ে ইউনিয়ন পর্যায়ে ৯টি কমিউনিটি সাপোর্ট গ্রুপ (সিএসজি) গঠন করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে ২৭ জনের সমন্বয়ে এই কমিউনিটি সাপোর্ট গ্রুপ গঠিত হয়েছে। ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড হতে ৩ জন সদস্যের প্রতিনিধিত্ব রয়েছে দলে। বর্তমানে কর্মএলাকাভুক্ত ৯টি ইউনিয়নে কমিউনিটি সাপোর্ট গ্রুপ ২৪৩ জন সদস্য (পুরুষ ১৩০, নারী ১১৩) রয়েছেন। এই ০৯টি সিএসজি সদস্যদের এলজিএসপি-২ এবং সামাজিক জবাবদিহিতা টুলস বিষয়ে প্রশিক্ষণ এবং রিফ্রেসার্স কোর্স প্রদান করা হয়েছে।

কমিউনিটি স্কোর কার্ড বাস্তবায়ন ঃ

সামাজিক জবাবদিহিতার একটি কার্যকর পদ্ধতি কমিউনিটি স্কোর কার্ড। স্থানীয় জনগণের অংশগ্রহণে ইউনিয়ন পরিষদের সেবার মান উন্নয়নে ধারাবাহিক প্রক্রিয়ায় কমিউনিটি স্কোর কার্ড বাস্তবায়ন চলমান রয়েছে। ইতোমধ্যে এই প্রক্রিয়ার অংশ হিসেবে কর্মএলাকার ৯টি ইউনিয়নে ইনপুট ট্র্যাকিং, কমিউনিটির সাথে এফজিডির মাধ্যমে ইনিয়ন পরিষদের সেবার মান মূল্যায়ন এবং ইউপি প্রতিনিধিদের সাথে এফজিডির মাধ্যমে আত্মমূল্যায়ন এবং ইন্টারফেস মিটিং এর মাধ্যমে ৯ টি ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা সম্পন্ন হয়েছে।

কমিউনিটি স্কোর কার্ড (সিএসসি)বাস্তবায়ন ধাপ ঃ

কমিউনিটি স্কোরকার্ড বাস্তবায়ন শেষে ৯টি ইউনিয়নে ৯টি কমিউনিটি এ্যাকশন প-ান প্রণয়ন করা হয়। ইন্টারফেস মিটিং সাধারন জনগন এবং ইউনিয়ন পরিষদবর্গ কর্তৃক স্কোরকার্ডের তথ্য উপস্থাপন শেষে সমস্যা চিহ্নিত করে আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে এই এ্যাকশন প্লান তৈরী করা হয়। এ্যাকশন প্লানে উপস্থাপিত সূচক এবং সুপারিশকৃত পদক্ষেপ সমূহ নিম্নরুপ-

পরিকল্পনা প্রনয়ন
উন্মুক্ত বাজেট সভা
ওয়ার্ড সভা আয়োজন
ট্যাক্স প্রদান বিষয়ে মতামত
ওয়ার্ড কমিটি এবং স্কীম সুপারভিশন কমিটি

ইউনিয়ন পরিষদের স্ট্যান্ডিং কমিটি সম্পর্কে মতামত সুপারিশকৃত পদক্ষেপ ঃ

স্থানীয় জনগনের সম্পৃক্ততায় পরিকল্পনা প্রণয়ন
সভায় জনঅংশগ্রহন নিশ্চিত করা
বাজেটের কপি নোটিশ বোর্ডে বিভিন্ন ওয়ার্ডে টাঙ্গানো
মাইকিং এর মাধ্যমে এলাকার জনগনকে অবগত করা
ট্যাক্স আদায় নিশ্চিত করা
কমিটির সদস্যদের ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহন
ওয়ার্ড কমিটি এবং স্কীম সুপারভিশন কমিটিকে স্কীম গ্রহন ও বাস্তবায়নে সম্পৃক্তকরণ
জনগনের মতামতের ভিত্তিতে স্ট্যান্ডিং কমিটি গঠন করা
ইউপি স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত করা

ওয়ার্ড সভা এবং উন্মুক্ত বাজেট সভা করার জন্য ইউনিয়ন পরিষদকে সহায়তা ঃ

কর্মএলাকার সর্বস্তরের জনগনের সম্পৃক্ততার মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে বছরে ০২টি ওয়ার্ড সভা এবং ইউপি পর্যায়ে উন্মুক্ত বাজেট সভা আয়োজনের জন্যপ্রকল্পটি ইউনিয়ন পরিষদকে সহযোগিতা প্রদান করে যাচ্ছে। এই প্রক্রিয়ার মাধ্যমে ইউনিয়ন পরিষদ এবং সাধারন জনগনের মধ্যে সুসম্পর্ক গড়ে উঠেছে এবং এর ধারা চলমান রয়েছে।

সামাজিক মানচিত্রঃ

সামাজিক মানচিত্র এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোন নির্দিষ্ট এলাকার অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ভৌগলিক, অবকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, যোগাযোগ, প্রান্তিক জনগোষ্ঠির অবস্থান, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে কমিউনিটির সরাসরি অংশগ্রহণে বাস্তব চিত্র অংকনের মাধ্যমে তুলে আনা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করা যায়। পরবর্তীতে এলাকার উন্নয়ন চাহিদা সেবাদানকারীদের কাছে উপস্থাপন করা যায়। এরই ধারাবাহিকতায় কর্মএলাকার ০৯ টি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড এর মানচিত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করে ইউপি পর্যায়ে সামাজিক মানচিত্র অংকন করা হয়।

উপজেলা শেয়ারিং মিটিং ঃ

উপজেলা পর্যায়ের কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান, সচিব, এবং কমিউনিটি সাপোর্ট গ্রুপ সদস্যদের নিয়ে উপজেলা শেয়ারিং মিটিং করা হয়। এই মিটিং এর মাধ্যমে প্রকল্পের অর্জন তুলে ধরা হয়।

অধিকার, উন্নয়ন ও সুশাসন বিষয়ক তথ্য অবহিতকরণ উঠান বৈঠক ঃ

উঠান বৈঠক এমন একটি পদ্ধতি যা সমাজের মানুষের মধ্যে বিষয়ভিত্তিক সচেতনতা বাড়াতে সহায়ক হয়। সেবা প্রকল্পে সামাজিক উন্নয়নে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্বন্ধে ধারণা প্রদানের পাশাপাশি উন্নয়ন প্রকল্পে স্থানীয় জনসাধারনের সম্পৃক্ততা বাড়ানোর জন্য উঠান বৈঠক বাস্তবায়িত হচ্ছে।

ইউনিয়ন পরিষদের (ওয়ার্ড কমিটি ও স্কিম সুপারভিশন কমিটিসহ) সামাজিক

জবাবদিহিতা এবং তথ্য অধিকার আইন বিষয়ক দক্ষতা উন্নয়ন ঃ

সামাজিক জবাবদিহিতা সম্পর্কে স্বচ্ছ ধারণা প্রদানের জন্য ওয়ার্ড কমিটি ও স্কিম সুপারভিশন কমিটির সদস্যসহ ইউপি প্রতিনিধিদের জন্য ইউনিয়ন ভিত্তিক ২টি পর্যায়ে ওরিয়েন্টেশনের আয়োজন করা হয়। প্রথম পর্যায়ের ওরিয়েন্টেশনের মুখ্য বিষয়ের মধ্যে রয়েছে স্থানীয় সরকার, এলজিএসপি - ২ প্রকল্প, সুশাসন এবং সামাজিক জবাবদিহিতা, কমিউনিটি স্কোর কার্ড, সামাজিক নিরীক্ষণ/সোস্যাল অডিট, পাবলিক হিয়ারিং ইত্যাদি। দ্বিতীয় পর্যায়ের ওরিয়েন্টেশনে তথ্য অধিকার বিষয় নিয়ে আলোচনা করা হয়।

জনসম্মুখে তথ্যপ্রকাশ ঃ

সেবা প্রকল্প বাস্তবায়নের ফলে ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদগুলি জনসম্মুখে তথ্য প্রকাশ করছে। যেমন - ইউনিয়ন পরিষদ চত্বরে বাজেট বোর্ড, স্কিমবোর্ড, তথ্যবোর্ড, সিটিজেন চার্টার ইত্যাদি স্থাপন করা হয়েছে। এছাড়াও নোটিশ বোর্ডে বিভিন্ন সার্কুলার টাঙ্গানো হচ্ছে। ফলে, সাধারণ জনগণ খুব সহজেই যে কোন বিষয়ে তথ্য নিতে পারছে। তথ্য প্রকাশের মাধ্যমে জনগণ এবং ইউপি'র মধ্যে ভুলবুঝাবুঝি কমেছে এবং তাদের মধ্যে ভাল সম্পর্ক গড়ে উঠেছে।

স্থানীয় পর্যায়ের সরকারি কর্মকর্তাদের সাথে সমন্বয়ের মাধ্যমে সেবার মান উন্নয়ন ঃ

স্থানীয় পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সাথে প্রকল্প সম্পর্কে অবহিতকরণসহ প্রকল্প বাস্তবায়নে তাঁদেরকে সম্পৃক্তকরনের মাধ্যমে বিভিন্ন ধরনের সহযোগিতা নেওয়া হয়। আনুষ্ঠানিক সভার মাধ্যমে উপ-পরিচালক-স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরসহ উপজেলা পর্যায়ের সেবা সেক্টরের কর্মকর্তাগনের নিকট অগ্রগতি সম্পর্কে অবহিত করা হয় এবং পরামর্শ ও সহযোগিতা নেয়া হয়।

এ পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন ঃ

- সাধারণ জনগন এবং ইউপি'র মধ্যে সু-সম্পর্ক উন্নয়ন;
- ইউপি'তে সাধারন জনগনের প্রবেশগম্যতা বৃদ্ধি;
- কমিউনিটির সাথে ইউপি সদস্যদের যোগাযোগ বৃদ্ধি;
- ওয়ার্ড সভা এবং উন্মুক্ত বাজেট সভা আয়োজনে ইউপি'র প্রতিশ্রুতি দান;
- কমিউনিটির সহায়তায় ইউপি'র বাজেট, স্কিম,সিটিজেন চার্টার,এবং তথ্য বোর্ড স্থাপন;
- সাধারন জনগন এবং ইউপি'র মধ্যে অংশীদারিত্ব সৃষ্টি;
- সাধারণ জনগন এবং ইউনিয়ন পরিষদের সমন্বয়ে ০৯টি ইউনিয়নে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন;
- পূর্বে শুধুমাত্র রাস্তাঘাট নির্মান এবং সংস্কার কাজ এ বাজেট বরাদ্দ রাখা হত কিন্তু এ্যাডভোকেসীর ফলে চলতি বাজেটে এলজিএসপি'র সকল খাতেই বাজেট বরাদ্দ রাখা হয়েছে;
- সাধারণ জনগন এবং ইউপি সদস্য'র যৌথ উদ্যোগে এলাকার জনগণের যাতায়াত সুবিধার জন্য খালের উপর বাঁশের ব্রিজ স্থাপন;
- কোমলমতি ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার জন্য বাউন্ডারী ওয়াল স্থাপন;
- ইউনিয়ন এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাগন বিভিন্ন মিটিং এ অংশগ্রহণ করায় তাদের সাথে এলাকার জনগণের মধ্যে সম্পর্কের উন্নয়ন;

সেবা প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে এলাকার সাধারণ জনগন এবং ইউনিয়ন পরিষদের প্রতিনিধিগণের মধ্যে সু-সম্পর্ক গড়ে উঠবে এবং সেবার মান বৃদ্ধি পাবে। সেইসাথে স্থানীয় নেতৃত্বের বিকাশ ঘটবে যা উন্নয়ন কর্মকান্ডে জন অংশগ্রহনের ফলে উন্নয়ন কার্যক্রম টেকসই ও বেগবান হবে।

ইউনিয়ন পর্যায়ে প্রকল্প পরিচিতি সভা

সোশাল ম্যাপ

কমিউনিটি স্কোর কার্ড

ইন্টারফেস মিটিং

ইউনিয়ন পরিষদের কর্ম-পরিকল্পনা

উপজেলা শেয়ারিং মিটিং

গ্রামীণ আলো
শিববাটি, বগুড়া
ফোন নং - ০৪৪৫৯০০২০৭৮
ইমেইল - grameenalo@hotmail.com
ওয়েবসাইট: www.grameen-alo.org